বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

M2459

নং-বামাশিবো/প্রশাসন/নেত্রকোণা-০২/ ৩০৯২/১৮ তারিখঃ ৩০.০৯.২০১৮খ্রিঃ

বিষয়ঃ গভার্ণিং বডির সভাপতি হিসেবে জনাব মোঃ মাজহারুল ইসলাম তালুকদার মাসুম এর পদ বাতিল করে পুনরায় সভাপতি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৫.৭২৮৩.০০০.৪৯.০২৮.১৬-৪৭১; তারিখঃ ০৪ জুলাই ২০১৮খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশাসন/নেত্রকোণা-০২/২৮৮৭/৭; তারিখঃ ১৭.০৪.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলার পূর্বধলা উপজেলাধীন মাথাং ইসলামিয়া আলিম মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতি জনাব মোঃ মাজহারুল ইসলাম তালুকদার মাসুম এর কর্তৃক শিক্ষকদের সাথে অসদাচরণ, ক্ষমতার অপব্যবহারসহ মাদ্রাসার স্বার্থপরিপন্থি কাজে লিপ্ত থাকায় তাঁর সভাপতি পদ বাতিল পূর্বক জনাব মোঃ সবুজ মিয়া সনজু, পিতা- মৃত সাবোদ আলীকে সভাপতি পদে মনোনয়ন প্রদানের জন্য মাননীয় সংসদ সদস্য জনাব ওয়ারেসাত হোসেন বেলাল (বীরপ্রতীক), ১৬১ নেত্রকোণা-০৫ ডিওপত্র বোর্ডে দাখিল করা হয়।

অভিযোগসহ সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোণাকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পূর্বধলা, নেত্রকোণা এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, বর্তমান সভাপতিকে পরিবর্তন করে বিশিষ্ট সমাজ সেবক জনাব মোঃ সবুজ মিয়া সনজু, পিতা- মৃত সাবোদ আলীকে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলে উক্ত মাদ্রাসার সার্বিক কল্যান সাধিত হবে বলে মন্তব্য করা হয়েছে।

বর্ণিত অবস্থায় প্রতিবেদনের মন্তব্য ও মাননীয় সংসদ সদস্যের ডিও লেটারের প্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৩২৮১৭১১৩২৪০১/১৮৬২/নথি নং-০২; তারিখঃ ২০.০৯.২০১৭খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি হিসেবে জনাব মোঃ মাজহারুল ইসলাম তালুকদার মাসুম এর পদ এতদ্বারা বাতিল করা হলো। গভার্ণিং বডির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মোঃ সবুজ মিয়া সনজু, পিতা- মৃত সাবোদ আলীকে সভাপতি হিসেবে মনোনয়ন প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

30.9.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, মাথাং ইসলামিয়া আলিম মাদ্রাসা
ডাকঘর- বিলকাউসী, পূর্বধলা, নেত্রকোণা।

নং-বামাশিবো/প্রশাসন/নেত্রকোণা-০২/ তারিখঃ .০৯.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোণা।
২. জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পূর্বধলা, নেত্রকোণা।
৪. জনাব মোঃ মাজহারুল ইসলাম তালুকদার মাসুম, সভাপতি (বাতিলকৃত), মাথাং ইসলামিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর- বিলকাউসী, পূর্বধলা, নেত্রকোণা।
৫. সদস্যবৃন্দ, মাথাং ইসলামিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর- বিলকাউসী, পূর্বধলা, নেত্রকোণা।
৬. জনাব মোঃ সবুজ মিয়া সনজু, পিতা- মৃত সাবোদ আলী, গ্রাম- লুনুই, ডাকঘর- হিরনপুর, পূর্বধলা, নেত্রকোণা।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা